ঠাকুরগাঁওয়ে গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মধ্যে স্কুল ব্যাগ বিতরণ

শামসুল আলম, ঠাকুরগাঁও – ঠাকুরগাঁও সদর উপজেলার বালিয়া ইউনিয়নে গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মধ্যে স্কুল ব্যাগ বিতরণ করা হয়েছে। ১৫ ই জানুয়ারি বুধবার দুপুরে বালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে উক্ত বিতরণ সভা অনুষ্ঠিত হয়।সভায় বালিয়া ইউনিয়নের মহিলা ইউপি সদস্য মোছাঃ নার্গিস বেগমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও সদর উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ খাইরুল ইসলাম,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বালিয়া ইউনিয়নের চেয়ারম্যান মোঃ জুলফিকার আলী ভুট্টো। এছারা সভায় ইউপি সদস্য ও বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষার্থীরা ও অভিবাবকগন উপস্থিত ছিলেন। এসময় বালিয়া ইউনিয়নের ইউপি উন্নয়ন সহ্য়তা তহবিল এর আওতায় উক্ত ইউনিয়নের বিভিন্ন সরকারি প্রাথমিক ব্যিালয়ের গরীব ও মেধাবী শিক্ষার্থীরা মাঝে ১৩৫ টি স্কুল ব্যাগ বিতরণ করা হয়।